

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১
ক্রমিক নং-২
ক্রমিক নং-৩
ক্রমিক নং-৪

২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
পূর্বানুমোদিত দর।
প্রাক্কলন।
প্রতিবেদন।

বিষয়: Emergency removing sewer line blockage and overflow according to consumer complain of different dia sewer line at different area of DMA-606 & 612 area under MODS Zone-6, Dhaka WASA.

অনুচ্ছেদ: ১ উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনবহুল এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং হতে পয়ঃনিষ্কাশন কাজ অত্যন্ত সফলতা ও সুনামের সহিত ঢাকা ওয়াসা মডস জোন-৬ এর দ্বারা সম্পন্ন করে আসছে। অত্র জোনের আওতাধীন ডিএমএ-৬০৬ ও ৬১২ এর অন্তর্গত খিলগাঁও বি ব্লক, সিব্লক, খিলগাঁও চৌধুরী পাড়া, মাটির মসজিদ এলাকা, খিলগাঁও কলোনী, সমগ্র গোড়ান, পশ্চিম মাদারটেক ইত্যাদি এলাকায় ঢাকা ওয়াসা সম্মানিত গ্রাহকের পয়ঃনিষ্কাশন সেবা সরবরাহ করে থাকে। উল্লেখ্য এলাকাসমূহ হতে প্রায়শই পয়ঃলাইন ব্লকেজ বা ওভার ফ্লো বা ক্রিনিং কাজের জন্য সরাসরি গ্রাহক হতে, জোনাল অভিযোগ কেন্দ্র এবং ঢাকা ওয়াসার হট লাইন ১৬১৬২ হতে অভিযোগ পাওয়া যায়। অভিযোগ পাওয়া যায় যে, বিভিন্ন হোল্ডিং এর সামনে বিদ্যমান পয়ঃলাই ব্লকেজ হয়ে ওভার ফ্লো হচ্ছে, গ্রাহক হোল্ডিং হতে সার্ভিস পিট ব্লকেজ হয়ে ওভার ফ্লো হচ্ছে এবং গ্রাহক ও ঢাকা ওয়াসার লাইন ব্লকেজ হচ্ছে। উল্লেখ্য এলাকায় বিদ্যমান পয়ঃলাইন ব্লকেজ থাকায় উক্ত এবং অন্যান্য ভবনের পয়ঃপ্রবাহে বাধাগ্রস্ত হচ্ছে, ক্ষেত্র বিশেষে ভবনের ভিতর ওভার ফ্লো হচ্ছে। পয়ঃলাইনে ব্লকেজ হয়ে ওভার ফ্লো হওয়ায় রাস্তার উপর ও ভবনের ভিতর জনসাধারণের চলাচলের অসুবিধা করাসহ গ্রাহক হোল্ডিং হতে পয়ঃনিষ্কাশন বাধাগ্রস্ত হচ্ছে এবং সম্মানিত গ্রাহকগণ বিব্রতকর ও অসস্থিকর অবস্থার সম্মুখীন হচ্ছেন। বিভিন্ন সময় সাইট পরিদর্শনকালে সম্মানিত গ্রাহকগণ অতিদ্রুত পয়ঃলাইনের ব্লকেজ সমূহ নিরসন করে পয়ঃপ্রবাহ স্বাভাবিক করার জন্য অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে উক্ত এলাকায় পয়ঃলাইন ব্লকেজ অপসারণ কাজগুলো দ্রুত সম্পন্নকরন, পয়ঃলাইন হতে উত্তোলিত স্লাজ নিরাপদ স্থানে অপসারণ করে পয়ঃপ্রবাহ স্বাভাবিক রাখা প্রয়োজন।

অনুচ্ছেদ: ২ নির্দেশনা মোতাবেক পয়ঃলাইন ব্লকেজ অপসারণ, ক্রিনিং এবং মাটি অপসারণ কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, পিডাব্লিউডি-২০২২ এর দর, ও পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৫ সদয় দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মূল্য দাঁড়িয়েছে টাঃ৪,৯৬,৬৫৪.২৮৯ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয় শত চুয়ান্ন দশমিক দুই আট নয়) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০২) এর ক্রমিক নং- বিঃ১৪.১০২.২০ হতে ব্যয় নির্বাহ করা হবে যা ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা আছে (সংযুক্তি-১)। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

অনুচ্ছেদ: ৩ এমতাবস্থায়, Emergency removing sewer line blockage and overflow according to consumer complain of different dia sewer line at different area of DMA-606 & 612 area under MODS Zone-6, Dhaka WASA. শীর্ষক পয়ঃলাইন রক্ষনাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) আলোচ্য পয়ঃলাইন রক্ষনাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও কারিগরী অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত টাঃ৪,৯৬,৬৫৪.২৮৯ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয় শত চুয়ান্ন দশমিক দুই আট নয়) টাকা মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।

গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ৪,৯৬,৬৫৪.২৮৯ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয় শত চুয়ান্ন দশমিক দুই আট নয়) প্রাক্কলনটি " দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।

ঘ) বর্ণিত কাজটি অতীব জরুরী বিধায় PPA-2006, PPR-2025 এর ৪র্থ অধ্যায়ের অংশ-৫ এর PPA-2006, PPR-2025 এর ৯০ (১) বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে e-GP প্রক্রিয়ার মাধ্যমে দরপত্র আহ্বান ও সম্পাদনের অনুমোদন।

আলোচ্য কাজটি যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আনুমোদনের আওতাধীন রয়েছে, যা সর্বিনয়ে পেশ করা হ'ল।


18.05.26.


18.05.26



SE, MODS cycle-1

সদ্বীপ সুব্রত

উপ-সহকারী প্রকৌশলী মোঃ আসিফ হোসাইন

মডুস জোন-৬

ঢাকা ওয়াসা।

সহকারী প্রকৌশলী

মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

নির্বাহী প্রকৌশলী

মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।


18.05.26



07/05/26

মোঃ ফিরোজ আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪/ অনুমোদিত,


19/06/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

